**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**MADHYAMIK PARIKSHA (SECONDARY EXAMINATION) JUNE, 2025**

# ভূগোল

**(Geography)**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** | **পূর্ণমান ঃ ৯০**
**Time: 3 Hours 15 Minutes** | **Full Marks: 90**

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।
The first 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

প্রত্যেক পরীক্ষার্থীকে ভারতের মানচিত্র দেওয়া হবে।
Map of India will be supplied to all candidates.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।
Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

## বিভাগ-'ক'

## Group-A

**1.** বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ 1×14=14

Write the correct answer from the given alternatives:

(i) আরাবল্লি পর্বত হল একটি

Aravalli is a

(a) ভঙ্গিল পর্বত
Fold Mountain

(b) স্তূপ পর্বত
Block Mountain

(c) আগ্নেয় পর্বত
Volcanic Mountain

(d) ক্ষয়জাত পর্বত
Erosional Mountain

(ii) কুরোশিও যে মহাসাগরের উষ্ণ স্রোত সেটি হল

Kuroshio is a warm current of

(a) আটলান্টিক মহাসাগর
Atlantic Ocean

(b) প্রশান্ত মহাসাগর
Pacific Ocean

(c) ভারত মহাসাগর
Indian Ocean

(d) সুমেরু মহাসাগর
Arctic Ocean

(iii) রেগুর মাটিতে সবথেকে ভালো জন্মায়

The crop best thrives in Regur soil is

(a) কার্পাস
Cotton

(b) ধান
Paddy

(c) পাট
Jute

(d) চা
Tea

(iv) কর্কটসংক্রান্তি যে তারিখে হয় তা হল

The date of Summer Solstice is

(a) ২১ মার্চ
21 March

(b) ২১ জুন
21 June

(c) ২৩ সেপ্টেম্বর
23 September

(d) ২২ ডিসেম্বর
22 December

(v) পশ্চিমা বায়ু হল একটি

The Westerly Wind is a

(a) সাময়িক বায়ু
Periodic Wind

(b) স্থানীয় বায়ু
Local Wind

(c) নিয়ত বায়ু
Planetary Wind

(d) মেরু বায়ু
Polar Wind

(vi) ভুটানের সর্বোচ্চ শৃঙ্গ হল

The highest peak of Bhutan is

(a) চোমোলহরি
Chomolhari

(b) এভারেস্ট
Everest

(c) ধবলগিরি
Dhabalgiri

(d) কাঞ্চনজঙ্ঘা
Kanchanjunga

(vii) ভারতে প্রথম আদমশুমারি শুরু হয়েছিল

First population census was started in India in the year—

(a) ১৮৬১ সালে
1861

(b) ১৮৭২ সালে
1872

(c) ১৮৮১ সালে
1881

(d) ১৯০১ সালে
1901

(viii) লালমাটি দেখা যায়

Red soil is found in

(a) সুন্দরবন অঞ্চলে
Sundarban

(b) বীরভূম অঞ্চলে
Birbhum

(c) তরাই অঞ্চলে
Terai

(d) কেরালা অঞ্চলে
Kerala

(ix) বর্তমানে পশ্চিমবঙ্গের সর্বাধিক জনসংখ্যাবিশিষ্ট জেলা কোনটি?

Which is the most populated district of West Bengal at present?

(a) উত্তর চব্বিশ পরগনা
North 24 Parganas

(b) দক্ষিণ চব্বিশ পরগনা
South 24 Parganas

(c) মুর্শিদাবাদ
Murshidabad

(d) বর্ধমান
Burdwan

(x) বায়ুমণ্ডলে উপস্থিত সর্বাধিক পরিমাণের গ্যাসীয় উপাদানটি হল

Maximum volume of gaseous element in atmosphere is

(a) অক্সিজেন
Oxygen

(b) নাইট্রোজেন
Nitrogen

(c) কার্বন ডাইঅক্সাইড
Carbon dioxide

(d) ওজোন
Ozone

(xi) যে যন্ত্রের সাহায্যে বায়ুর আর্দ্রতা পরিমাপ করা হয়—

The instrument by which humidity of air mass is measured—

(a) ব্যারোমিটার
Barometer

(b) অ্যানিমোমিটার
Animometer

(c) থার্মোমিটার
Thermometer

(d) হাইগ্রোমিটার
Hygrometer

(xii) যান্ত্রিক আবহবিকার সর্বাধিক লক্ষ্য করা যায়

Action of mechanical weathering is found maximum in the region of

(a) আর্দ্র ক্রান্তীয় অঞ্চলে
Humid Tropical region

(b) উষ্ণ মরু অঞ্চলে
Hot Desert region

(c) মেরু অঞ্চলে
Polar region

(d) ভূমধ্যসাগরীয় অঞ্চলে
Mediterranean region

(xiii) হিমবাহের অবঘর্ষ প্রক্রিয়ায় সৃষ্ট ভূমিরূপটি হল

The landform produced by the abrasion process of glacier is

(a) রসে মতানে
Roche Montonne

(b) কেম
Kame

(c) গ্রাবরেখা
Moraine

(d) ড্রামলিন
Drumlin

(xiv) বাস্তুতান্ত্রিক ভারসাম্য বজায় থাকে যাদের দ্বারা—

Ecological balance is maintained by

(a) উৎপাদক ও খাদক
Producer and Consumer

(b) উৎপাদক ও বিয়োজক
Producer and Decomposer

(c) উৎপাদক, খাদক ও বিয়োজক
Producer, Consumer and Decomposer

(d) খাদক ও বিয়োজক
Consumer and Decomposer

## বিভাগ-‘খ’

## Group-B

**2.1** নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে ‘শু’ এবং অশুদ্ধ হলে পাশে ‘অ’ লেখো (*যেকোনো ছয়টি*) ঃ 1×6=6

If the statement is true, write ‘T’ and if false, write ‘F’ against the following (answer *any six*):

2.1.1 নদীর গতিবেগ পরিমাপের একক হল কিউসেক।
Cusec is the unit used for measuring river velocity.

2.1.2 সমুদ্রে ভাসমান বরফের স্তূপকে হিমশৈল বলে।
Floating ice mass is the sea is called Iceberg.

2.1.3 বিশাখাপত্তনম কোঙ্কণ উপকূলের বন্দর।
Visakhapatnam is the port of Konkon coast.

2.1.4 কোনো স্থান ও তার প্রতিপাদ স্থানের দ্রাঘিমার পার্থক্য হয় 180°.
Longitudinal difference of a place and its antipode is 180°.

2.1.5 তামিলনাড়ুতে মেত্তুর বাঁধ অবস্থিত।
Mettur dam is situated in Tamilnadu.

2.1.6 একটি বিশুদ্ধ কাঁচামাল হল আকরিক লোহা।

Iron ore is a pure raw material.

2.1.7 ভূমিকম্পের প্রধান কারণ শিলাচ্যুতি।

The prime cause of earthquake is rock faulting.

2.1.8 এশিয়ার একটি অন্তর্বাহিণী নদী হল লেনা।

Lena is the inland river of Asia.

**2.2** উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (*যেকোনো ছয়টি*) ঃ 1×6=6

Fill in the blanks with suitable words (*any six*):

2.2.1 __________ তাপমাত্রায় জলীয় বাষ্প ছোটো ছোটো জলকণায় পরিণত হয়।

In __________ temperature water vapour transforms into tiny water droplets.

2.2.2 বাঁকুড়া জেলার __________ স্থানে কয়লার সন্ধান পাওয়া গেছে।

There has been trace of coal in __________ of Bankura district.

2.2.3 __________ মৃত্তিকা ম্যানগ্রোভ অরণ্যের জন্য আদর্শ।

__________ soil is ideal for growth of Mangrove forest.

2.2.4 ভূপৃষ্ঠের নিকটবর্তী বায়ুমণ্ডলীয় স্তরটি হল __________।

The atmosphere layer adjacent to the earth is __________.

2.2.5 'কালবৈশাখী' হল একপ্রকার __________ বায়ু।

'Kalbaishakhi' is a type of __________ wind.

2.2.6 জড় পরিবেশে একগুচ্ছ সজীব বস্তুর সহাবস্থানকে __________ বলে।

The co-existence of various biotic elements in a non-biotic environment is called __________.

2.2.7 অরুণাচল প্রদেশে ব্রহ্মপুত্র __________ নামে পরিচিত।

Brahmaputra is known as __________ in Arunachal Pradesh.

2.2.8 এশিয়ার শীতলতম স্থানটি হল __________।

The coldest place in Asia __________.

**2.3** একটি বা দুটি শব্দে উত্তর দাও (*যেকোনো ছয়টি*) ঃ 1×6=6

Answer in one or two words (*any six*):

2.3.1 মেরু অঞ্চলে কোন উচ্চতায় হিমরেখা দেখা যায়?

At which altitude, the snowline is found in polar region?

2.3.2 পৃথিবীর মেরু ব্যাস কত?

What is the polar diameter of the earth?

2.3.3 পশ্চিমবঙ্গের কোন নদীকে 'ত্রাসের নদী' বলে?

Which river is known as 'Horror of Bengal'?

2.3.4 একটি নিঃসারী আগ্নেয় শিলার উদাহরণ দাও।

Give an example of extrustive igneous rock.

2.3.5 কোন তারিখ থেকে সূর্যের দক্ষিণায়ন শুরু হয়?

From which date the Southward March of the Sun begins?

2.3.6 ভারতের পশ্চিম উপকূলে অবস্থিত একটি বন্দরের নাম লেখো।

Write the name of one port located in west coast of India.

2.3.7 ভূমিকম্পের তীব্রতা মাপা হয় কোন স্কেলে?

In what scale the magnitude of earthquake is measured?

2.3.8 ইনিসি নদীর প্রধান উপনদীর নাম কী?

What is the name of the tributary of river Yenisei?

**2.4** বামদিকের সাথে ডানদিক মিলিয়ে লেখো ঃ 1×4=4

Match the Left column with Right column:

| বামদিক (Left column) | ডানদিক (Right column) |
|---|---|
| 2.4.1 নামচা বারওয়া Namcha Barwa | 1. রাজস্থান Rajasthan |
| 2.4.2 মাজুলি Majuli | 2. ওড়িশা Odisha |
| 2.4.3 মরুস্থলী Marusthali | 3. পূর্ব-হিমালয়ের শৃঙ্গ Peak of Eastern Himalaya |
| 2.4.4 পারাদ্বীপ Paradweep | 4. ব্রহ্মপুত্র Brahmaputra |

## বিভাগ-'গ'

## Group-C

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ 2×6=12

Asnwer the following in brief (Alternatives should be noted)

3.1 স্থানীয় সময় কাকে বলে?

What is local time?

*অথবা,*

*Or,*

গোলার্ধের সাপেক্ষে দীর্ঘতম দিন দুটি কী কী?

What are the two longest days in respect to the hemispheres?

3.2 এস্কার কী?
What is Eskar?

*অথবা,*
*Or,*

তির্যক বালিয়াড়ির সংজ্ঞা দাও।
Define 'transverse dune'.

3.3 সিজিগি কী?
What is Syzygy?

*অথবা,*
*Or,*

অ্যালবেডোর সংজ্ঞা দাও।
Define 'albedo'.

3.4 নগর ও মহানগর কাকে বলে?
What is city and metropolis?

*অথবা,*
*Or,*

পশ্চাদভূমি কাকে বলে?
What is hinterland?

3.5 কৃষি বনসৃজন বলতে কী বোঝো?
What do you mean by 'Agro-Forestry'?

*অথবা,*
*Or,*

ধাপ চাষের সংজ্ঞা দাও।
Define Terrace Cultivation.

3.6 এশিয়ার দুটি পর্বতবেষ্টিত মালভূমির নাম লেখো।
Name two intermountance plateaus of Asia.

*অথবা,*
*Or,*

মোনাডনক কী?
What is 'Monadnock'?

## বিভাগ-'ঘ'
## Group-D

**4.** নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ 3×4=12
Give brief explanatory answer of the following (Alternatives should be noted) :

4.1 আবহবিকার ও ক্ষয়ীভবনের মধ্যে তিনটি পার্থক্য লেখো।
State three differences between erosion and weathering.

*অথবা,*
*Or,*

শল্কমোচন প্রক্রিয়াটি ব্যাখ্যা করো।
Explain the exfoliation process.

4.2 "পৃথিবীর আকৃতি পৃথিবীর মতো"— উক্তিটি ব্যাখ্যা করো।
Explain the statement —"Earth's shape is comparable to the earth only".

*অথবা,*

*Or,*

গ্রিন হাউস এফেক্ট কাকে বলে?
What is Green House Effect?

4.3 ভারতের তিনটি কার্পাস উৎপাদক রাজ্যের নাম লেখো।
Name three cottong-growing states of India.

*অথবা,*

*Or,*

ভারতের অরণ্য সংরক্ষণের তিনটি পদ্ধতি আলোচনা করো।
Describe three methods of forest conservation practiced in India.

4.4 পশ্চিমবঙ্গের শীত ঋতুর বৈশিষ্ট্যগুলি কী কী?
Write the features of winter season in West Bengal.

*অথবা,*

*Or,*

গাঙ্গেয় সমভূমিতে জনঘনত্ব অত্যধিক কেন?
Why population density is very high in Ganga Plain?

**বিভাগ-'ঙ'**

**Group-E**

(দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয়)
(Sketches are not essential for sightless candidates)

**5.1** যেকোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ 5×2=10
Answer *any two* questions from the following:

5.1.1 ট্রপোস্ফিয়ার ও স্ট্র্যাটোস্ফিয়ার স্তরের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
Give an account of the characteristic features of Troposphere and Stratosphere.

5.1.2 চিত্রসহ জোয়ারভাটা সৃষ্টির কারণগুলি ব্যাখ্যা করো।
Explain with suitable diagram the factors responsible for the formation of high tide and ebb.

5.1.3 বায়ুর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট তিনটি ভূমিরূপের সচিত্র বিবরণ দাও।
Describe with sketches three features of carved out by wind crosion.

5.1.4 28 ফেব্রুয়ারি, 2023 লন্ডনের (0° দ্রাঘিমা) স্থানীয় সময় যখন সন্ধ্যা 7 টা, তখন কলকাতার (88°30' পূর্ব) স্থানীয় সময় ও তারিখ কত?
What would be the local time and date of Kolkata (88°30' E), when the local time of London (0° longitude) is 7:00 pm. on February 28, 2023?

**5.2** যেকোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ 5×2=10
Answer *any two* questions from the following:

5.2.1 এশিয়া মহাদেশকে বিভিন্ন ভূ-প্রাকৃতিক বিভাগে বিভক্ত করে যে কোনো একটি বিভাগের ভূ-প্রকৃতির বর্ণনা দাও।
Divide Asia into different physiographic regions and give an account of any one of them.

5.2.2 ভারতের কৃষ্ণ মৃত্তিকার প্রধান আঞ্চলিক বণ্টন এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
State the major regional distribution and features of Black soil of India.

5.2.3 পূর্ব ভারতে লৌহ-ইস্পাত শিল্পকেন্দ্রের একদেশীভবনের কারণগুলি লেখো।
State the factors responsible for the centralisation of Iron and Steel plants in Eastern India.

5.2.4 পশ্চিমবঙ্গের নদনদীর শ্রেণিবিভাগ করে যেকোনো একটি ভাগের বর্ণনা দাও।
Classify the rivers of West Bengal and describe one of them.

## বিভাগ-‘চ’

## Group-F

**6.** প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নাম-সহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সাথে জুড়ে দাও ঃ 1×10=10
Locate the following with appropriate symbols and names on the given outline map of India. Attach the map with your answer paper.

6.1 নভসেবা বন্দর
Nhava Sheva port

6.2 চণ্ডীগর
Chandigarh

6.3 কোলেরু হ্রদ
Lake Kolleru

6.4 মহানদী
Mahanadi

6.5 সাতপুরা পর্বত
Satpura mountain

6.6 উত্তর ভারতের একটি ইক্ষু উৎপাদক অঞ্চল

A sugar cane producing region of North India

6.7 পূর্ব ভারতের একটি ম্যানগ্রোভ অরণ্য অঞ্চল

A Mangrove forest region of Eastern India

6.8 সর্বাধিক বৃষ্টিপাতযুক্ত স্থান

Centre receiving highest rainfall

6.9 দক্ষিণ ভারতের একটি ল্যাটেরাইট মৃত্তিকা অঞ্চল

A Laterite soil region of South India

6.10 মেঘালয় মালভূমি

Meghalaya plateau

*অথবা,*

*Or,*

(শুধমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

(For sightless candidates only)

**6.** যেকোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ 1×10=10

Answer *any ten* of the following questions:

6.1 ভারতে কেন্দ্রীয় ইক্ষু গবেষণাগার কোথায় অবস্থিত?

Where is Central Sugar cane Research Institute of India located?

6.2 ভারতের কোন অঞ্চলে পৃথিবী বিখ্যাত সুগন্ধি চা উৎপাদিত হয়?

Which region of India produces world famous flavoured tea?

6.3 একটি আগ্নেয় শিলার উদাহরণ দাও।

Give an example of Igneous rock.

6.4 নেপালের রাজধানীর নাম কী?

What is the name of the capital of Nepal?

6.5 বেতার তরঙ্গ কোন স্তর থেকে প্রতিফলিত হয়?

Radio wave is reflected from which layer of atmosphere?

6.6 ম্যানগ্রোভ অরণ্যের দুটি উদ্ভিদের নাম লেখো।

Name two trees of Mangrove forest.

6.7 ভারতের একটি স্তূপ পর্বতের নাম লেখো।

Name one Block mountain of India.

6.8 গঙ্গার প্রধান শাখানদী কোনটি?

Name the main tributary of Ganga.

6.9 ভারতের একটি আগ্নেয়গিরির নাম লেখো।

Name one volcano situated in India.

6.10 ডোলেরাইট কোন প্রকার শিলা?

What type of rock is Dolerite?

6.11 ভারতের একটি তন্তুজাত ফসলের নাম লেখো।

Name one fiber crop produced in India.

6.12 স্বাধীনতার পরবর্তীকালে নির্মিত ভারতের প্রথম বহুমুখী নদী পরিকল্পনা কোন্‌টি?

Which is the first multi-purpose river valley project of India after independence?

6.13 ভারতের উচ্চতম মালভূমির নাম লেখো।

Name the highest plateau of India.

6.14 ভারতের প্রবাল দ্বীপপুঞ্জের নাম কী?

What is the name of coral islands of India?

———

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**